

প্রেস বিজ্ঞপ্তি

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্প
বাস্তবায়ন মনিটরিং কার্যক্রমের অগ্রগতির পর্যালোচনা সভা অনুষ্ঠিত।

পাবনা (ঈশ্বরদী), ২৫ জানুয়ারি, ২০১৯;


বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান এর সভাপতিত্বে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়ন মনিটরিং কার্যক্রমের অগ্রগতির ওপর বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সম্মানিত সিনিয়র সচিব/সচিব মহোদয়গণের সমন্বয়ে রূপপুর প্রকল্প সাইট, ঈশ্বরদী, পাবনায় একটি বিশেষ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মুখ্য সমন্বয়ক (এসডিজি) মহোদয় উপস্থিত ছিলেন।

মন্ত্রী বলেন, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সর্বপ্রথম রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেন। সেই ধারাবাহিকতায় জাতির জনক বঙ্গবন্ধুর কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সরকার প্রকল্পটি বাস্তবায়নের জোরালো পদক্ষেপ গ্রহণ করেন। আর এটি সম্ভব হয়েছে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগ্রহ, উদ্যোগ, সাহস এবং দুরদর্শী সিদ্ধান্তের ফলে। যা আজ দৃশ্যমান।

মন্ত্রী আরো বলেন, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে নিরাপত্তার উপর সর্বোচ্চ জোর দেয়া হচ্ছে। আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার (আইএইএ) এর সকল সেফটির মানদণ্ড ও গাইডলাইন এবং বাংলাদেশের বিদ্যমান আইন ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। এছাড়াও রাশান ফেডারেশন, আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থাসহ আন্তর্জাতিক স্থানীয় ও নিজস্ব জনবলের মাধ্যমে সকল রেগুলেটরি ডকুমেন্টের কারিগরি মূল্যায়ন ও পর্যালোচনা করে বিশেষজ্ঞ মতামত গ্রহণ করে এর কার্যক্রম এগিয়ে চলছে। বাংলাদেশ পরমাণু থেকে বিদ্যুৎ উৎপাদনের দেশসমূহের ক্লাবে প্রবেশ করে এবং পারমাণবিক বিশ্বকাতারে আরও একধাপ এগিয়ে গেল। এ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে নিরাপত্তাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ হচ্ছে। এটি আমাদের জাতীয় আত্মবিশ্বাসও বৃদ্ধি করবে যে বাঙালিও পারে পরমাণু শক্তি থেকে বিদ্যুৎ উৎপাদন করতে। উল্লেখ্য, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ১ম ইউনিটের ১২০০ মেগাওয়াট বিদ্যুৎ ২০২৩ সালে এবং ২য় ইউনিটের ১২০০ মেগাওয়াট বিদ্যুৎ ২০২৪ সালে জাতীয় বিদ্যুৎ গ্রীডে সংযুক্ত হবে মর্মে আশা করা যায়।

উক্ত অনুষ্ঠানে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব মোঃ আনোয়ার হোসেন, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রকল্প পরিচালক ড. শৌকত আকবর এবং রোসাটমের উর্ধ্বতন কর্মকর্তাসহ মন্ত্রণালয়াধীন সংস্থাপ্রধানগণ এবং প্রকল্পপরিচালকগণ উপস্থিত ছিলেন।

পরে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্প এলাকা পরিদর্শন করে মুখ্য সমন্বয়ক (এসডিজি) মহোদয়, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সম্মানিত সিনিয়র সচিব/সচিব মহোদয়গণ, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব মোঃ আনোয়ার হোসেন, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রকল্প পরিচালক ড. শৌকত আকবর এবং রোসাটমের উর্ধ্বতন কর্মকর্তাসহ মন্ত্রণালয়াধীন সংস্থাপ্রধানগণ এবং প্রকল্পপরিচালকগণ।


(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার

☎ ৯৫৪ ০৩৮৭ (অঃ) / 📠 ০১৭১১-৮১৫৮৮১

E-mail: pro@most.gov.bd
royv047@gmail.com